

২০২৬

বাংলা — সাম্মানিক

পত্র : DSCC-7

(বাংলা কথাসাহিত্য - ১)

পূর্ণমান - ৭৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। (ক) ‘কপালকুণ্ডলা’ উপন্যাসে অলৌকিক বা অতিপ্রাকৃতের প্রভাব সম্পর্কে বিস্তারিত আলোচনা করো। ১৫

অথবা

(খ) ‘কপালকুণ্ডলা’-কে একটি রোমান্স রসাপ্রিত উপন্যাস বলা যায় কি না যুক্তিসহ বিশ্লেষণ করো। ১৫

২। (ক) “ধর্ম যতই পৃথক হোক দিনযাপনের মধ্যে তাহাদের বিশেষ পার্থক্য নাই। সকলেই তাহারা সমভাবে ধর্মের চেয়ে এক বড় অধর্ম পালন করে— দারিদ্র্য”।— এই উক্তির আলোকে কেতুপুরের জনজীবনের করুণ অসহায়তার দিকটির পরিচয় দাও। ১৫

অথবা

(খ) কুবের ও কপিলার সম্পর্ক ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসের কাহিনিকে কীভাবে নিয়ন্ত্রণ করেছে আলোচনা করো। ১৫

৩। (ক) ‘অতিথি’ গল্পের তারাপদ চরিত্রটি ব্যাখ্যা করো। ১৫

অথবা

(খ) ‘একরাত্রি’ গল্পের নায়কের জীবনে যে অনন্ত রাত্রির স্পর্শ এসেছিল তার তাৎপর্য বিশ্লেষণ করো। ১৫

৪। (ক) যে ঐতিহাসিক পটভূমিতে ‘কপালকুণ্ডলা’-র কাহিনি বর্ণিত হয়েছে তার সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

অথবা

(খ) শ্যামাসুন্দরী কে? কপালকুণ্ডলার জীবনে তার ভূমিকা কী ছিল? ১+৪

৫। (ক) “...ঈশ্বর থাকেন ওই গ্রামে, ভদ্রপল্লীতে। এখানে তাঁহাকে খুঁজিয়া পাওয়া যাইবে না।”— উক্তিটি ব্যাখ্যা করো। ৫

অথবা

(খ) “... না গেলা মাঝি, জেল খাট।”— বক্তা কে? তার এই বক্তব্যের কারণ কী? ২+৩

Please Turn Over

(6713)

৬। (ক) ‘মণিহারা’ গল্পটি অতিপ্রাকৃত শ্রেণির গল্প না মনস্তাত্ত্বিক গল্প? যুক্তিসহ আলোচনা করো।

৫

অথবা

(খ) ‘মেঘ ও রৌদ্র’ গল্পের শশিভূষণের প্রতিবাদী চরিত্রের একটি সংক্ষিপ্ত পরিচয় দাও।

৫

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

- (ক) ‘কপালকুণ্ডলা’ উপন্যাসটি কত সালে প্রকাশিত হয়েছিল?
- (খ) ‘কপালকুণ্ডলা’ উপন্যাসের চতুর্থ বা শেষ খণ্ডের অন্তিম পরিচ্ছেদের নাম কী?
- (গ) গঙ্গাসাগর থেকে ফেরার সময় নবকুমারকে তার সহযাত্রীরা যেখানে ফেলে রেখে গিয়েছিল, তার কাছাকাছি দুটি গ্রামের নাম লেখো।
- (ঘ) ধর্মাস্তরিত হওয়ার পরে নবকুমারের প্রথম স্ত্রীর নাম কী হয়েছিল?
- (ঙ) “যদি জানিতাম যে, স্ত্রীলোকের বিবাহ দাসীত্ব, তবে কদাপি বিবাহ করিতাম না।” — কে, কাকে একথা বলেছিলেন?
- (চ) ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসের কাহিনি কোন্ ঋতুতে শুরু হয়েছে?
- (ছ) কুবেরের মাছ ধরার নৌকা ও জালের মালিক কে? জালে ধরা মাছের কত ভাগ সে পায়?
- (জ) হোসেন মিয়ার ময়নাদীপ থেকে কে পালিয়ে এসেছিল? পরবর্তীকালে কার সঙ্গে তার বিবাহের প্রস্তাব আসে?
- (ঝ) কুবেরের দুই ছেলের নাম কী?
- (ঞ) কুবেরের বাড়ির কোন্ জায়গা থেকে কোন্ চোরাই মাল পাওয়া যায়?
- (ট) “সুড় সুড় করে রেবতী পিসিমার পিছন পিছন চলে গেল,...।” — রেবতী কে?
- (ঠ) ‘দেনাপাওনা’ গল্পটি কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল?
- (ড) “বাণীকণ্ঠের ঘর নদীর একেবারে উপরেই।” — বাণীকণ্ঠ কে?
- (ঢ) “সেইদিনই অর্ধরাত্রে আবার আমার দ্বারে আসিয়া ঘা পড়িল, ‘ডাক্তার! ডাক্তার!’।” — কোন গল্পের অংশ?
- (ণ) ‘অতিথি’ গল্পে তারাপদ শেষপর্যন্ত কী করেছিল?